**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**13 January 2026** **7:35 AM IST**

==========================================================================

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা মহিলা উদ্যমিতা অভিযানে অংশগ্রহণ করতে আজ কাছাড় ও শ্রীভূমি জেলা সফরে আসছেন । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা আজ সকাল ৯টায় উত্তর শ্রীভূমি বিধানসভা কেন্দ্রে মূখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা প্রকল্পের অধীনে জেলা ক্রীড়া সংস্থার মাঠে ১৪ হাজার একশ ৩৫ জন মহিলাকে দশ হাজার টাকা করে প্রদান করবেন ।

---

শিলচরের তথ্য ও জনসংযোগ আধিকারিক জানিয়েছেন যে মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা আজ দুপুর ১২টায় কাটিগড়া বিধানসভা কেন্দ্রের রাজপুর খেলার মাঠে এবং বেলা দুটোয় বড়খলা বিধানসভা কেন্দ্রের শিলকুড়ি মাঠে মহিলাদের মধ্যে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের চেক বিতরণ করবেন ।

---

আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা- এ ডি আর ই-র মাধ্যমে রাজ্য সরকার নিযুক্তি প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে সমর্থ হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা মন্তব্য করেছেন । মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা গতকাল গৌহাটি মেডিকেল

কলেজ ও হাসপাতালের প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে এ ডি আর ই- তে উত্তীর্ণ ২৯২ জন চা জনগোষ্ঠীর প্রার্থীর মধ্যে নিযুক্তি পত্র বিতরণ করে একথা বলেন ।

মূখ্যমন্ত্রী আরো বলেন - **বাইট -**

---

মকর সংক্রান্তি উলপক্ষ্যে বরাক উপত্যকার তিন জেলায় জনসাধারণের মধ্যে উৎসাহ পরিলক্ষিত হচ্ছে । বরাক উপত্যকা সহ আসামের বিভিন্ন স্থানে আজ থেকে মকর সংক্রান্তি ও মাঘ বিহু উৎসব উদযাপন শুরু হবে । আজ মাঘ বিহুর উরুকা । মাঘ বিহু বা ভোগালী বিহু উপলক্ষে বাজারে খাদ্যসামগ্রীর পসরা চোখে পড়ার মতো রয়েছে । আজ রাতে ভেলাঘর বানিয়ে বনভোজনের আয়োজন করা হবে । এজন্যে উপত্যকার স্থানে স্থানে প্রস্তুতি শুরু হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় মকর সংক্রান্তি ও মাঘ বিহু উপলক্ষ্যে বাজারে নিত্য প্রয়োজনী সামগ্রীর মূল্য নিয়ন্ত্রনে রাখতে সার্কেল লেভেল টাস্ক ফোর্স-এর সদস্যরা বাজার পর্য্যবেক্ষন করছেন । টাস্ক ফোর্সের সদস্যরা মাছ-মাংস সহ সবজী বাজার ঘুরে দেখছেন ।

---

শ্রীভূমির সাংসদ কৃপানাথ মালা গতকাল হাইলাকান্দি জেলার ১২৯ জন ছাত্র-ছাত্রীর মধ্যে স্কুটি এবং ৫৬ জন ছাত্র-ছাত্রীকে ট্যাবলেট পি সি বন্টন করেন । হাইলাকান্দি এস এস কলেজের প্রেক্ষাগৃহে আয়োজিত অনুষ্ঠানে সাংসদ শ্রীমালা ১৮ জন কৃতি আশা কর্মীকে সংবর্ধনা এবং ৮ জন

অবসরপ্রাপ্ত আশা কর্মীকে দু লক্ষ টাকার একাকালীন অর্থের চেক তুলে দিয়েছেন ।
অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে সাংসদ শ্রীমালা বলেন যে আসাম দেশের শীর্ষ কয়েকটি রাজ্যের মধ্যে একটি উন্নত রাজ্য হিসেবে পরিগণিত হতে চলছে । জেলা আয়ুক্ত অভিষেক জৈন বলেন যে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার নেতৃত্বে হাইলাকান্দি জেলাও বিভিন্ন ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে । অনুষ্টানে অন্যান্যদের মধ্যে বিজেপি নেত্রী মুন স্বর্নকার , পৌর সভাপতি মানব চক্রবর্তী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

কাছাড় জেলায়  আরো একজন ভূয়ো চিকিৎসককে গ্রেপ্তার করা হয়েছে । জেলার ধলাই থানার অর্ন্তগত ইসলামাবাদ থেকে শামিম আহমেদ লস্কর নামের একজন ভূয়ো চিকিৎসককে কাছাড় পুলিশ গ্রেপ্তার করে । খবরে প্রকাশ- দীর্ঘদিন ধরে শামিম আহমেদ লস্কর ইসলামাবাদে একটি ফার্মেসি চালিয়ে আসছিলেন । প্রাপ্ত অভিযোগ অনুসারে, তিনি ফার্মেসির আড়ালে চিকিৎসক হিসেবে সাধারণ মানুষের চিকিৎসা করছিলেন । তবে প্রাথমিক তদন্তে পুলিশ তার কাছে চিকিৎসকের কোনো বৈধ ডিগ্রি বা অনুমোদন পায় নি ।  উল্লেখ্য- আসাম কাউন্সিল অব মেডিকেল রেজিস্ট্রেশন’এর অভিযোগের ভিত্তিতে পুলিশ অভিযান চালিয়ে ভুয়ো চিকিৎসককে গ্রেপ্তার করে ।

---

তেজপুরের মিসামারীর সেনাছাউনীর যশোবন্ত স্টেডিয়ামে আগামী সাতই ফেব্রুয়ারি থেকে ২৬ শে ফেব্রুয়ারি পর্যন্ত অগ্নিবীর নিযুক্তি র‍্যালির আয়োজন করা হয়েছে । সেনাবাহিনীর নারেঙ্গী, যোরহাট এবং শিলঙ নিযুক্তি কার্যালয়ের উদ্যোগে এই র‍্যালির আয়োজন করা হয়েছে । এই র‍্যালির

মাধ্যমে অগ্নিবীর জেনারেল ডিউটি, টেকনিক্যাল, ক্লার্ক, ট্রেট্স ম্যান শাখার জন্য উপযুক্ত প্রার্থী বাছাই করা হবে । প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে নিযুক্তি প্রক্রিয়া জেলা অনুযায়ী বিভিন্ন পর্যায়ে অনুষ্ঠিত হবে ।